নানা আয়োজনে মেহেরপুরে ১০০তম সমবায় দিবস পালিত

আনুষ্ঠানিকভাবে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে ১০০তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে আজ শনিবার (২ জুলাই)সকাল ১০ টা সময় মেহেরপুর জেলা সমবায় কার্যালয়ের সামনে জাতীয় সংগীতের সুরে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।

মেহেরপুর জেলা সমবায় কর্মকর্তা প্রভাস চন্দ্র বালা জাতীয় পতাকা এবং সমবায় ব্যাংক ব্যবস্থাপনা কমিটির সভাপতি নুরুল ইসলাম সমবায় পতাকা উত্তোলন করেন। পতাকা উত্তোলন শেষে সমবায় ব্যাংকের সামনে বৃক্ষরোপন করা হয়।

পরে ১০০ তম সমবায় দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি সমবায় ব্যাংকের সামনে থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্তানে এসে শেষ হয়।

শোভাযাত্রায় অন্যান্যদের মধ্যে মেহেরপুর জেলা সমবায় ব্যাংকের ব্যবস্থাপনা সভাপতি নুরুল ইসলাম, রোকনুজ্জামান তুষার প্রমূখ অংশগ্রহণ করেন।

জেলা সমবায় কর্মকর্তা প্রভাস চন্দ্র বালা সভায় সভাপতিত্ব জেলা সমবায় কার্যালয় মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান, পরিদর্শক নুরুজ্জামান, হাসনাবাদ মৎস্যজীবি সমবায় সমিতির সভাপতি শরিফুল ইসলাম প্রমুখ।